# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ২. মিথ্যা ও ওহীর নামে মিথ্যা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২. ৫. মিথ্যা থেকে ওহী রক্ষায় হাদীসের নির্দেশনা

ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত সকল প্রকার বিকৃতি, ভুল বা মিথ্যা থেকে তাঁর বাণী বা হাদীসকে রক্ষা করার জন্য রাসূলুল্লাহ (ﷺ) তাঁর উম্মাতকে বিভিন্ন প্রকারের নির্দেশ দিয়েছেন। সেগুলোর মধ্যে রয়েছে:

২. ৫. ১. বিশুদ্ধরূপে হাদীস মুখস্থ ও প্রচারের নির্দেশনা

বিভিন্ন হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর হাদীস বা বাণী হুবহু বিশুদ্ধরূপে মুখস্থ করে তা প্রচার করতে নির্দেশ দিয়েছেন। জুবাইর ইবনু মুতয়িম (রা) বলেন, রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন:

نَضَّرَ اللهُ عَبْداً (وَجْهَ عَبْدٍ) سَمِعَ مَقَالَتِيْ (مِنَّا حَدِيْثاً) فَوَعَاهَا (وَحَفِظَهَا) ثُمَّ أَدَّاهَا إِلَى مَنْ لَمْ يَسْمَعْهَا

"মহান আল্লাহ সমুজ্জ্বল করুন সে ব্যক্তির চেহারা, যে আমার কোনো কথা শুনল, অতঃপর তা পূর্ণরূপে আয়ত্ত্ব করল ও মুখস্থ করল এবং যে তা শুনে নি তার কাছে তা পৌঁছে দিল।" এ অর্থে আরো অনেক হাদীস অন্যান্য অনেক সাহাবী থেকে বর্ণিত ও সংকলিত হয়েছে।[1]

## ফুটনোট

[1] তিরমিযী, আস-সুনান ৫/৩৩-৩৪; আবু দাউদ, আস-সুনান ৩/৩২২; ইবনু মাজাহ, আস-সুনান ১/৮৪-৮৬; ইবনু হিববান, আস-সহীহ ১/২৬৮, ২৭১, ৪৫৫; হাকিম নাইসাপূরী, আল-মুসতাদরাক ১/১৬২, ১৬৪; হাইসামী, মাজমাউয যাওয়াইদ ১/১৩৮-১৩৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4583

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন